লন্ডনে আমিরাতের ক্রাউন প্রিন্সের মরদেহ উদ্ধার

লন্ডনে সংযুক্ত আরব আমিরাতের ক্রাউন প্রিন্স খালিদ আল কাশিমির
(৩৯) মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তার মৃত্যুর ঘটনায় কোনো কারণ জানাতে পারেনি দেশটির পুলিশ।

সোমবার লন্ডনের স্থানীয় সময় সকাল সাড়ে ১০টার দিকে পশ্চিম লন্ডনের নাইটসব্রিজের বিলাসবহুল একটি অ্যাপার্টমেন্টে ক্রাউন প্রিন্সকে মৃত অবস্থায় পাওয়া যায়।
বুধবার প্রিন্স খালিদ আল কাশিমির মরদেহ দেশে আনার পর দাফন করা হয়েছে। প্রিন্স খালিদের মৃত্যুতে দেশটিতে তিনদিনের রাষ্ট্রীয় শোক ও পতাকা অর্ধনমিত রাখার ঘোষণা দেওয়া হয়েছে।

আমিরাতের শারজাহ শহরের শাসক শেখ সুলতান বিন মুহাম্মদ আল কাশিমির একমাত্র ছেলে। নিহত ক্রাউন প্রিন্স একজন ফ্যাশন ডিজাইনার। লন্ডনে তার এই মৃত্যুর কোনো ব্যাখ্যা দিতে পারেনি ব্রিটেন।

জানা যায়, ওই অ্যাপার্টমেন্টে অবচেতন অবস্থায় তাকে দেখতে পাওয়া যায়। পরে অ্যাপার্টমেন্টের নিরাপত্তাকর্মীরা লন্ডনের জরুরি সার্ভিসের নাম্বারে টেলিফোন করে জানান।

পুলিশ এক বিবৃতিতে জানায়, পশ্চিম লন্ডনের নাইটসব্রিজের বিলাসবহুল একটি অ্যাপার্টমেন্টে ৩০ বছরের কাছাকাছি বয়সের এক ব্যক্তিকে মৃত অবস্থায় পাওয়া গেছে। তাৎক্ষণিকভাবে তার এই মৃত্যু ব্যাখ্যাহীন পরিস্থিতিতে হয়েছে বলে পুলিশের বিবৃতিতে জাননো হয়।

মঙ্গলবার আমিরাতের এই ক্রাউন প্রিন্সের মরদেহের ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে। তবে তার মৃত্যুর কোনো কারণ ময়নাতদন্তে জানা যায়নি।